# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৯২৯

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)

পরিচ্ছেদঃ যে ব্যক্তির ঔরশজাত তিনজন সন্তান বালেগ হওয়ার আগে মারা যায়, তার জন্য জান্নাত ওয়াজিব হওয়া প্রসঙ্গে বর্ণনা

## ذِكْرُ إِيجَابِ الْجَنَّةِ لِمَنْ قَدَّم ثَلَاثَةً مِنْ صُلْبِهِ لَمْ يَبْلُغُوا الْحِنْثَ

আরবী

2929 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ مُحَمَّدِ بْنِ الْحُسَيْنِ قَالَ: حَدَّثَنَا شَيْبَانُ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا جَرِيرُ بْنُ حَازِمٍ قَالَ: حَدَّثَنَا الْحَسَنُ قَالَ: قَالَ صَعْصَعَةُ بْنُ مُعَاوِيَةَ ـ عَمُّ الْأَحْنَفِ بْنِ قَيْسٍ ـ: أَتَيْتُ أَبَا ذَرٍ بِالرَّبَذَةِ فَقُلْتُ: يَا أَبَا ذَرٍّ مَا مالُكَ؟ فَقَالَ: مَالِي عَمَلِي قُلْتُ: حدِّثنا عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَدِيثًا سَمِعْتُهُ مِنْهُ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (مَا مِنْ مُسْلِمَيْنِ يَمُوتُ لَهُمَا ثَلَاثَةٌ مِنَ الْوَلَدِ لَمْ يَبْلُغُوا الْحِنْثَ إِلَّا أَدْخَلَهُمَا اللَّهُ الْجَنَّةَ بفضل رحمته إياهم)

الراوي : صَعْصَعَةُ بْنُ مُعَاوِيَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2929 | خلاصة حكم المحدث: صحيح ـ ((التعليق االرغيب)) (3/ 89).

বাংলা

২৯২৯. আহনাফ বিন কাইসের চাচা সো‘সো‘আহ বিন মুআবিয়া থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি রাবাযা নামক জায়গায় আবূ যার গিফারী রাদ্বিয়াল্লাহু আনহুর কাছে আসলাম। অতঃপর আমি তাকে বললাম, “হে আবূ যার, আপনার সহায়-সম্পদ কী আছে?” জবাবে তিনি বলেন, “আমার কর্মই আমার সম্পদ।” আমি বললাম, “আপনি এমন একটি হাদীস বলুন, যা আপনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে শুনেছেন।” তখন তিনি বলেন, “আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন, “যে দুই মুসলিমের তিনজন সন্তান মারা যায়, যারা বালেগ হয়নি, তবে তাদের প্রতি দয়াপরবশ হয়ে মহান আল্লাহ তাদের দুইজনকে জান্নাতে প্রবেশ করাবেন।”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/১৫৯; নাসাঈ: ৪/২৪-২৫; ইমাম বুখারী, আদাবুল মুফরাদ: ১৫০; তাবারানী আস সাগীর: ৮৭৫; মুয়াত্তা ইমাম মালিক: ১/২৩৫; ইবনু মাজাহ: ১৬০৪; তিরমিযী: ১০৬১।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ৩/৮৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ ছা'আছা ইবন মুয়াবিয়া (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92259

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন